

## ইচ্ছে করে

—পঞ্চতপা দেব

ইচ্ছে করে

ওই দূরের আকাশ কোথায় শেষ হয়,  
প্রজাপতির ডানায় চড়ে শেষটা খুঁজে আসি।

সকালবেলার সূর্য টাকে ব্যাগে ভরে  
তার রংটা খানিকটা বদলে দিই।

আবার পাখির ডানায় পালক প্রশ্ন আনে, উড়ব কবে  
কত বড়ো ডানা-ই না চাই আমার।

ইচ্ছে করে

ওই পুরোনো পাতাটা উল্টে দিই  
দৌড়ে গিয়ে পুরোনো দিনে, নিজের মনটাকে পাল্টে  
দিই।

স্ট্রীটলাইট আর ছোট্ট বেলার পাঠ,  
ইচ্ছে করে আমিও বিদ্যাসাগর হই।

মায়ের আঁচল ধরে সব আবদার আবার  
ইচ্ছে পূরণের ভার আবার না হয় মায়ের কাঁধেই  
চাপিয়ে দিই।